দৈনিক ইত্তেফাক

তারিখ 20-SEP 1988 ... ...
পৃষ্ঠা... ... ... কলাম ... ...

029

## বিষয় ঃ ১৯৮৮-৮৯ সেসনে ডিপ্লোমা-ইন-মেরিন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ১ম বর্ষে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন নারায়ণগঞ্জস্থ বাংলাদেশ ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলজীতে ৩ (তিন) বৎসর মেয়াদী "ডিপ্লোমা-ইন-মেরিন-ইঞ্জিনিয়ারিং" কোর্সের ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হইতে ইনষ্টিটিউটে প্রাপ্তব্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

১। শিক্ষাগত যোগ্যতা : (ক) প্রার্থীকে অবশ্যই এস,এস,সি, অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে মোট নম্বরের ৫০% এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর গণিতে ৫০% নম্বর পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

(খ) ১৯৮৮ইং সনে এস,এস,সি, পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ নিয়মিত বলিয়া গণ্য হইবে। ইহাছাড়া, ১৯৮৭ইং সনে এস,এস,সি, পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মোট নম্বর হইতে (গ্রেস মার্ক বাদ দিয়া ১০০০ নম্বর-এর মধ্যে) ৫% নম্বর বাদ দিয়া প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আবেদন করার সুযোগ পাইবে। ১৯৮৭ইং সনের পূর্বে এস,এস,সি, পাস করিয়াছে এইরূপ প্রার্থী দরখাস্ত করার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

উপরোক্ত শর্ত সংশ্লিষ্ট ট্রেড কোর্স পাস প্রার্থীদের বেলায় শিথিলযোগ্য।

বিশেষ দ্রষ্টব্য : (ক) ভর্তি সংক্রান্ত তথ্য বিবরণী এবং আবেদনপত্র নগদ ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে অত্র ইনষ্টিটিউটের কার্যদিবসে সকাল ৮টা হইতে বেলা ২টা পর্যন্ত সময়ে সংগ্রহ করিতে হইবে। ডাকযোগে আবেদনপত্র ও তথ্য বিবরণী পাইতে ইচ্ছুক প্রার্থীকে ডাকমাশুল ও অন্যান্য আনুষংগিক খরচ বাবদ অতিরিক্ত ১৫/- (পনর) টাকাসহ সর্বমোট ৬৫/- (পঁয়ষট্টি) টাকা মনিঅর্ডারযোগে প্রেরণের মাধ্যমে আবেদন করিলে উহা ডাকযোগে প্রেরণ করা যাইতে পারে। তবে কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত দরখাস্ত গৃহীত হইবে না এবং এইজন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না।

(খ) উক্ত কোর্সের ২০টি আসন সংখ্যার সর্বাধিক ৪ (চার) গুণ প্রার্থীকে মেধার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হইবে।

(গ) আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২২শে অক্টোবর/১৯৮৮ইং বেলা ২টা পর্যন্ত।

(ঘ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মহিলা, উপজাতীয় ও ট্রেড কোর্স পাস প্রার্থীদের জন্য সরকার কর্তৃক সংরক্ষিত আসনে মেধানুযায়ী ভর্তি করা হইবে।

(ঙ) আগামী ১৯/১১/৮৮ইং তারিখ সকাল ১০টায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(মোঃ আহসান হাবীব),
অধ্যক্ষ,
বাংলাদেশ ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলজী,
ডাক-বি,আই,ডি,সি, নারায়ণগঞ্জ।
ফোন: ৭১২২৯,৭১৩৫৪।

ডিএফপি(স)১১৩৭৭-১৫/৯
ব—২৩৮১(৭।।-২)